


**৫৯তম সভার নোটিশ**

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ৫৯তম সভা কাউন্সিলের চেয়ারম্যান মহোদয়ের অভিপ্রায় অনুসারে আগামী ৩০/০৯/২০১৮ খ্রিঃ রোজ রবিবার সকাল ১১.০০ ঘটিকায় জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সভাকক্ষে (জাতীয় স্কাউট ভবন, ১২তম তলা, ৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা) অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের মাননীয় চেয়ারম্যান ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আ.ক.ম. মোজাম্মেল হক এম.পি।

০২। উল্লিখিত সভায় সম্মানিত সদস্যবৃন্দকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

**সভার আলোচ্যসূচিঃ**

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ।
- ২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
- ৩। মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনা বাস্তবায়নের রূপরেখা প্রণয়ন উপকমিটি প্রণীত মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনা বাস্তবায়নের রূপরেখা পর্যালোচনা ও অনুমোদন।
- ৪। মহিলা মুক্তিযোদ্ধা (বীরাজনা) উপকমিটির সুপারিশকৃত মুক্তিযোদ্ধাদের গেজেটভুক্তির বিষয়ে আলোচনা।
- ৫। মুজিবনগর সরকারের কর্মচারী উপকমিটির সুপারিশকৃত মুক্তিযোদ্ধাদের গেজেটভুক্তির বিষয়ে আলোচনা।
- ৬। শহীদ মুক্তিযোদ্ধা উপকমিটির সুপারিশকৃত মুক্তিযোদ্ধাদের গেজেটভুক্তির বিষয়ে আলোচনা।
- ৭। জনাব ইয়াফেস ওসমান, পিতা- শওকত ওসমান এর নাম মুক্তিযোদ্ধা হিসেবে গেজেটভুক্তির আবেদন প্রসংগে।
- ৮। জনাব জাঁ-নেসার ওসমান, পিতা- শওকত ওসমান এর নাম মুক্তিযোদ্ধা হিসেবে গেজেটভুক্তির আবেদন প্রসংগে।
- ৯। চেয়ারম্যান, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক শুনানীকৃত অভিযোগের সুপারিশ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- ১০। গেজেট সংশোধনসহ বিভিন্ন বিষয়ে প্রাপ্ত অনিষ্পন্ন আবেদন বিষয়ে আলোচনা।
- ১১। দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োজিত কর্মচারীদের শুল্ক ও শনিবার কাজ করার অনুমতি ও মজুরী প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- ১২। বিবিধ।

  
(মোঃ মিজানুর রহমান)  
মহাপরিচালক

ও  
সদস্য সচিব  
ফোনঃ ৯৩৩৭০৮৮  
ই-মেইল-dg@jamuka.gov.bd

**বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :**

- ০১। জনাব আ.ক.ম. মোজাম্মেল হক, এম.পি, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
- ০২। জনাব ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন, এমপি, মাননীয় মন্ত্রী, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ও সদস্য, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল।
- ০৩। জনাব শাজাহান খান, এমপি, মাননীয় মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ও সদস্য, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল।
- ০৪। জনাব আবুল হাসানাত আব্দুল্লাহ, এমপি, আহবায়ক, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয় কমিটি ও সদস্য, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, ২৫/১, লেক সার্কাস, কলাবাগান, ঢাকা।
- ০৫। জনাব মোঃ আব্দুস শহীদ, এমপি, সভাপতি, সরকারী প্রতিশ্রুতি সম্পর্কিত কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ ও সদস্য, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, ভবন নং-৪, ফ্ল্যাট নং-৩০৪, সংসদ-সদস্য ভবন, মানিক মিয়া এভিনিউ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ০৬। জনাব মোঃ মোতাহার হোসেন, এমপি, সভাপতি, সংসদীয় স্থায়ী কমিটি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও সদস্য, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, ভবন নং-৪, ফ্ল্যাট নং-৫০৪, সংসদ-সদস্য ভবন, মানিক মিয়া এভিনিউ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ০৭। জনাব সাধন চন্দ্র মজুমদার, মাননীয় সংসদ সদস্য-৪৬, নওগাঁ-১ ও সদস্য, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, ভবন নং-৫, ফ্ল্যাট নং-৮০৪, সংসদ-সদস্য ভবন, মানিক মিয়া এভিনিউ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ০৮। জনাব মোঃ রশিদুল আলম, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, সাবেক সচিব ও সদস্য, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, বাড়ি নং-২৫, রোড নং-৮, বারিধারা ডিপ্লোমেটিক জোন, ঢাকা-১২১২।
- ০৯। মেজর (অবঃ) ওয়াকার হাসান, বীরপ্রতীক, সদস্য, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, ৯, রিং রোড, শ্যামলী, ঢাকা।

**অনুলিপিঃ সদয় অবগতির জন্য :**

- ০১। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, ঢাকা।
- ০৩। অফিস কপি/মাস্টার ফাইল/ওয়েবসাইট।